


যুগান্তর

পিইসি-জেএসসির ফল প্রকাশ আজ

প্রকাশ : ২৪ ডিসেম্বর ২০১৮, ০০:০০ | প্রিন্ট সংস্করণ

 যুগান্তর রিপোর্ট

প্রাথমিক ও নিম্নমাধ্যমিক চারটি সমাপনী পরীক্ষার ফল আজ প্রকাশ করা হচ্ছে। স্কুল ও মাদ্রাসার এসব পরীক্ষায় এবার সাড়ে ৫২ লাখ শিক্ষার্থী অংশ নেয়। পরীক্ষাগুলো হচ্ছে- পিইসি (প্রাথমিক শিক্ষা সমাপনী), ইইসি (ইবতেদায়ী শিক্ষা সমাপনী), জেএসসি ও জেডিসি। ৩০ ডিসেম্বরের নির্বাচনের কারণে এবার প্রায় এক সপ্তাহ আগে এ ফল প্রকাশ করা হচ্ছে।

দুপুর ১২টায় সংবাদ সম্মেলনে জেএসসি ও জেডিসি পরীক্ষার ফল প্রকাশের ঘোষণা দেবেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। এর এক ঘণ্টা পরে পিইসি ও ইইসি পরীক্ষার ফল প্রকাশের ঘোষণা দেবেন প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী অ্যাডভোকেট মোস্তাফিজুর রহমান।

প্রাথমিক শিক্ষা অধিদফতরের (ডিপিই) অধীন অনুষ্ঠিত পিইসি ও ইইসি পরীক্ষায় ২৯ লাখ ৩৪ হাজার ৯৫৫ জন অংশ নেয়। অপর দিকে ৯ শিক্ষা বোর্ডের অধীন অনুষ্ঠিত জেএসসি ও জেডিসি পরীক্ষায় অংশ নিয়েছে ২৩ লাখ ২৯ হাজার ২৪১ শিক্ষার্থী। সংশ্লিষ্টরা জানিয়েছেন, চার পরীক্ষারই ফল প্রকাশের সার্বিক প্রস্তুতি সম্পন্ন। ৩০ ডিসেম্বর নির্বাচন থাকায় এবার এক সপ্তাহ আগে ফল প্রকাশ করা হচ্ছে।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২।
ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৮ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।